# দিনাজপুর জুবিলী উচ্চ বিদ্যালয়

অনলাইন অর্ধবার্ষিক পরীক্ষা-২০২০

শ্রেণি ঃ ৬ষ্ঠ

**বিষয় ঃ ইসলাম ও নৈতিক শিক্ষা (সৃজনশীল)**

[যেকোনো ৭টি প্রশ্নের উত্তর দাও।]

সময় : ২ ঘন্টা ৩০ মিনিট — পূর্ণমান-৭০

১। তারিক ও শামীম দুজনে ঢাকায় আলাদা আলাদা স্থানে ব্যবসা করে। শামীম ব্যবসায় বেশির ভাগ সময় প্রতারণার আশ্রয় নেয়, অপরদিকে তারিক ইসলামি শরিয়ত অনুযায়ী ব্যবসা করে জীবিকা নির্বাহ করে।

ক. নৈতিকতা শব্দের অর্থ কী? ১
খ. নৈতিকতা এবং আকাইদ এর মধ্যে সম্পর্ক কীরূপ লিখ। ২
গ. তারিক যে পন্থায় ব্যবসা করে মানব জীবনে তার গুরুত্ব ব্যাখ্যা কর। ৩
ঘ. শামীম যে পন্থায় ব্যবসা করে, এতে তার চরিত্রের কোন দিকটি ফুটে উঠেছে, তা বিশ্লেষণ কর। ৪

২। শিপলু শ্রেণি শিক্ষক মহোদয়কে বলে প্রায়ই বাথরুমে যায় এবং খুব দ্রুত কাজ শেষ করে চলে আসে। বিষয়টি লক্ষ করে শিক্ষক মহোদয় তাকে বললেন, তুমি কি ঠিকমত পবিত্র হও? আল্লাহ বলেছেন "উত্তমরূপে পবিত্রতা সম্পাদনকারীকে আল্লাহ তা'য়ালা ভালোবাসেন।"

ক. ওযু শব্দের অর্থ কী? ১
খ. কী কী কারণে ওযু ভঙ্গ হয়? ২
গ. শিপলু কীভাবে পবিত্রতা লাভ করতে পারবে? বর্ণনা কর। ৩
ঘ. শিক্ষক মহোদয়ের উদ্ধৃত বাণীর আলোকে পবিত্রতার গুরুত্ব ও তাৎপর্য ব্যাখ্যা কর। ৪


৩। সাদিয়া ও নাদিয়া একই অফিসে চাকরি করেন। তাদের উর্ধ্বতন কর্মকর্তা উভয়কে দুইটি কাজ ভাগ করে দেন। ফলে তারা উভয়ে উক্ত কাজ যথাসময়ে সমাপ্ত করার প্রতিজ্ঞা করেন। সাদিয়া নির্ধারিত সময়ে কাজ শেষ করলে কর্তৃপক্ষ খুশি হয়ে পদোন্নতি প্রদান করেন। কিন্তু নাদিয়া যথাসময়ে কাজ শেষ করতে না পারায় তিরস্কারের শিকার হন। ফলে নাদিয়া সাদিয়াকে হিংসা করতে শুরু করলে সাদিয়া বলেন, 'পরহিংসা নরক বাস, যুগে যুগে সর্বনাশ।

ক. 'হাদিস' শব্দের অর্থ কী? ১
খ. "নিশ্চয়ই মানুষ ক্ষতিগ্রস্ত" কথাটি বুঝিয়ে লেখ। ২
গ. সাদিয়ার কর্মে কী প্রকাশ পেয়েছে? পাঠ্যবইয়ের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. নাদিয়ার কর্মকাণ্ডের পরিণাম সংশ্লিষ্ট হাদিসের আলোকে বিশ্লেষণ কর। ৪

৪। রাশেদের খালাতো ভাই মুরশেদ ও পাশের বাসার মাহমুদ ঢাকায় একই বাসায় থেকে ব্যবসা করে। রাশেদের মা অসুস্থ হয়ে ঢাকা মেডিকেল হাসপাতালে ভর্তি হলো। অন্য লোকের সাহায্য-সহযোগিতা পাওয়া গেলেও মুরশেদ ও মাহমুদ কোনো খোঁজখবর নেয়নি।

ক. 'আখলাকে হামিদাহ্' অর্থ কী? ১
খ. 'প্রতিবেশীর অধিকার' বলতে কী বোঝায়? ২
গ. মুরশেদের আচরণে কার অধিকার পালন হয়নি? ব্যাখ্যা কর। ৩
ঘ. মুরশেদের আচরণের পরিণতি ইসলামের দৃষ্টিতে আলোচনা কর। ৪

৫। নিচের চিত্রটি লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও:




উপর্যুক্ত বয়স্ক পুনর্বাসন কেন্দ্রের প্রতিষ্ঠাতা বলেন, "বৃদ্ধাশ্রমে আশ্রিত অসহায় বয়স্ক মানুষদের কয়েকজনের মৃত্যুর খবর তাঁর সন্তানদের জানালেও তারা মা-বাবার মুখটা পর্যন্ত দেখতে আসেনি।"

ক. 'আখলাক' শব্দের অর্থ কী? ১
খ. 'সত্য মানুষকে মুক্তি দেয়'– কথাটি বুঝিয়ে লেখ। ২
গ. উপর্যুক্ত বয়স্কদের প্রতি সন্তানদের আচরণে কী প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত বয়স্কদের প্রতি তাদের সন্তানদের আচরণের পরিণতি ইসলামের আলোকে বিশ্লেষণ কর। ৪

৬। মুন এন্টারপ্রাইজের মালিক জনাব নাবিল একজন ভালো চরিত্রের লোক। তিনি তার প্রতিষ্ঠানের কর্মচারীদের সাথে ভালো ব্যবহার করেন। যথাসময়ে তাদের বেতন পরিশোধ করেন। দোকানে আগত ক্রেতাদের সাথে তিনি উত্তম ব্যবহার করেন, ফলে

ক. "সত্যবাদী" এর আরবি প্রতিশব্দ কী? ১
খ. "সত্য মানুষকে মুক্তি দেয়" ব্যাখ্যা কর। ২
গ. জনাব নাবিলের চরিত্রের সাথে তোমার পঠিত কোন আখলাকের মিল বিদ্যমান? ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব নাবিলের এ ধরনের আচরণের গুরুত্ব ইসলামের আলোকে ব্যাখ্যা কর। ৪

৭। জনাব মোস্তাক শহরে চাকরি করেন। কিন্তু হঠাৎ খবর এলো তার বাবা অসুস্থ। তিনি খবর পেয়ে বাড়িতে এসে তার বাবাকে ডাক্তার দেখান এবং প্রয়োজনীয় ঔষধ কিনে দেন। এছাড়াও তার বাবার দ্রুত সুস্থতার জন্য রাত জেগে সেবা করেন। ফলে তার বাবা সুস্থ হয়ে ওঠেন এবং তাকে অনেক দোয়া করেন।

ক. আত্মীয় শব্দটি কোথা থেকে এসেছে? ১
খ. প্রতিবেশী কারা? ২
গ. মোস্তাক সাহেবের কর্মকাণ্ডে ইসলামের কোন নির্দেশটি পালন করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. ইসলামে এরূপ দায়িত্ব ও কর্তব্যের প্রয়োজনীয়তা কতটুকু বলে তুমি মনে কর? মতামত দাও। ৪

৮। সাঈদ সাহেব একজন ধর্মপরায়ণ ব্যক্তি। তিনি পবিত্র কুরআনের শিক্ষা প্রসারে এলাকায় একটি মক্তব প্রতিষ্ঠা করেন। তিনি এলাকার গরিব-দুঃখীদের অবস্থা চিন্তা করে একটি দাতব্য চিকিৎসালয় প্রতিষ্ঠা করেন। তার স্ত্রী আফরোজা স্বামীর কাজকর্মে মুগ্ধ হয়ে নিজের ব্যক্তিগত সমস্ত সম্পদ আল্লাহর সন্তুষ্টি অর্জনের লক্ষ্যে দাতব্য চিকিৎসালয়ে দান করে দেন।

ক. ইমাম আবু হানিফা (র)-এর পিতার নাম কী? ১
খ. হযরত উমর (রা)-কে 'ফারুক' বলা হয় কেন? ২
গ. পাঠ্যবইয়ে আলোচিত কোন মনীষীর আদর্শের সাথে সাঈদ সাহেবের কাজের মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. আফরোজার কার্যক্রম তোমার পাঠ্যপুস্তকের আলোকে মূল্যায়ন কর। ৪

৯। জনাব আবু জাফর চৌধুরী এবং জনাব আবুল কাসেম চৌধুরী পাশাপাশি দুই ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান। জনাব আবু জাফর চৌধুরী গভীর রাতে বের হয়ে জনসাধারণের অবস্থা পর্যবেক্ষণ করতেন। অপরপক্ষে জনাব আবুল কাসেম চৌধুরী দীনের কাজে তার অর্জিত সম্পদ অকাতরে বিলিয়ে দিতেন।

ক. হযরত মুহাম্মদ (স)-এর দাদার নাম কী? ১
খ. মহানবি (স)-কে কেন 'আল-আমিন' বলা হয়? ২
গ. জনাব আবু জাফর চৌধুরীর কাজটি ইসলামের কোন খলিফার সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব আবুল কাসেম চৌধুরীর চারিত্রিক বৈশিষ্ট্যটি আদর্শ জীবনচরিতের আলোকে বিশ্লেষণ কর। ৪

১০। হযরত মুহাম্মদ (স.) এর সর্বাধিক প্রিয় সাহাবি ছিলেন একজন খলিফা। তিনি হযরত মুহাম্মদ (স.) এর মৃত্যুর পর খলিফা নির্বাচিত হন। তার সময়ে কিছু লোক বিশৃঙ্খলা সৃষ্টি করলে তিনি কঠোর হাতে দমন করেন। তিনি "উম্মুল মুমেনিন" আয়েশার বাবা।

ক. হযরত আবু বকর কত খ্রিস্টাব্দে জন্মগ্রহণ করেন? ১
খ. খলিফা নির্বাচিত হয়ে তিনি কেন কঠোর হয়েছিলেন? ২
গ. হযরত আবু বকর (রা.) কীভাবে ইসলামের সেবায় নিয়োজিত ছিলেন? তা ব্যাখ্যা কর। ৩
ঘ. "আবু বকর" (রা.)-এর চারিত্রিক সৌন্দর্য সর্বকালের মানুষের জন্য অনুকরণীয় হয়ে থাকবে-বিশ্লেষণ কর। ৪

১১। রংপুর জেলা মদিনাপুর গ্রামে আবুল একটি দরিদ্র পরিবারে জন্মগ্রহণ করে। জন্মের দুই মাস আগেই তার বাবা মারা যায়। এরপর এতিম আবুল তার দাদির কাছে বড় হতে থাকে। দিন দিন তার মধ্যে বিভিন্ন গুণাবলি পরিলক্ষিত হয়।

ক. হিলফুল ফুযুল কী? ১
খ. মহানবি (স) অত্যন্ত মর্মাহত হন কেন? ২
গ. কোন মনীষীর জীবনীর সাথে উদ্দীপকের আবুলের জীবনীর মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. তুমি কি মনে কর উক্ত মনীষীর জীবনী আবুলের জন্য আদর্শ স্বরূপ? বিশ্লেষণ কর। ৪